দৈনিক বাংলা

তারিখ ... 10 FEB 1995
পৃষ্ঠা ৭ কলাম ৬ ...

13

# বেসরকারী শিক্ষকদের জন্য টাইম স্কেল

সরকার বেসরকারী নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক স্কুল, কলেজ ও মাদ্রাসাসমূহের যেসব শিক্ষকের একাধারে আট বছরের চাকরিকাল পূর্ণ হয়েছে তাঁদেরকে টাইম স্কেল মঞ্জুর করেছে। এ টাইম স্কেল অনু-যায়ী বিদ্যমান টাঃ ৯০০-১৫৩০ স্কেলকে টাঃ ৯৭৫-১৭৫০ স্কেলে; টাঃ ১২০০-২৩৩৫ স্কেলকে টাঃ ১৩০০-২৬১৫ স্কেলে, টাঃ ১৩০০-২৬১৫ স্কেলকে টাঃ ১৩৭৫-২৮৭০ স্কেলে, টাঃ ১৩৭৫-২৮৭০ স্কেলকে টাঃ ১৪৭৫-৩১৫০ স্কেলে টাঃ ১৭২৫-৩৭২৫ স্কেলকে টাঃ ২৩০০-৪৪৮০ স্কেলে এবং টাঃ ২৩০০-৪৪৮০ স্কেলকে টাঃ ২৮৫০-৫১৫৫ স্কেলে উন্নীত করা হয়েছে।

এ টাইম স্কেল ১ জুলাই '৯৪ থেকে কার্যকর করা হয়েছে।

উল্লেখ্য, সরকার ইতিপূর্বে ১ জুলাই '৯৪ থেকে সকল বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসার সকল শিক্ষক কর্মচারীদের মাসিক মেডিক্যাল ভাতা ১০০ টাকা থেকে ১৫০ টাকায় বৃদ্ধি করেছে। এছাড়া বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের বেতন-ভাতার সরকারী অংশ ১৯৯৫ সনের জানুয়ারী মাস থেকে শতকরা ৭০ ভাগ হতে শতকরা ৮০ ভাগে বৃদ্ধি করা হয়েছে।

তাছাড়া বেসরকারী শিক্ষক-কর্মচারীদের চাকরি হতে অবসর গ্রহণকালে আর্থিক সুবিধাদি দেয়ার জন্য একটি নতুন আইন প্রক্রিয়াধীন আছে। আরো উল্লেখ্য যে বেসরকারী কলেজের শিক্ষকদের সহযোগী অধ্যাপকের পদে পদোন্নতি ও বেতন সুবিধাদি দেয়ার বিষয়টি প্রক্রিয়াধীন আছে এবং অবিলম্বে চূড়ান্ত করা হবে।